

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
জেলা কার্যালয়ের অফিস  
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ

নম্বর ২৬.০৪.৪৪০০.৭০৬.১৭.০১৮.১৯.৫৬

তারিখ ১ আশ্বিন ১৪২৬

১৬ সেপ্টেম্বর ২০১৯

বাজার তদারকির তথ্য

বিষয়: ১৬ সেপ্টেম্বর ২০১৯ খ্রি: তারিখে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঝিনাইদহ জেলা কার্যালয়ের বাজার তদারকি।

০২ টি প্রতিষ্ঠানকে ০৬ হাজার টাকা জরিমানা

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব সুচন্দন মন্ডল এর নেতৃত্বে ঝিনাইদহ এর মহেশপুর উপজেলার নাটিমা বাজারে তদারকি করা হয়। এসময় দোকানে মেয়াদ উত্তীর্ণ এবং মেয়াদ আছে এমন ঔষধ একসাথে মিশিয়ে সংরক্ষণ ও বিক্রয় করার অপরাধে কংকা মেডিকো কে ৪০০০/- (চার হাজার) টাকা এবং হোটলে পুরাতন ও বাসি ছানা ও সিরাদিয়ে মিষ্টি তৈরি করার অপরাধে পারভেজ হোটেল কে ২০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ৬০০০/- (ছয় হাজার) টাকা প্রশাসনিক ব্যবস্থা হিসেবে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের বাজার তদারকিকালে ০৭ (সাত) টি প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। সাধারণ ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়। সার্বিক সহযোগিতা প্রদান করেন জনাব মো: আব্দুল আলিম, ক্ষেত্র সহকারী, উপজেলা মৎস কর্মকর্তার কার্যালয়, মহেশপুর, ঝিনাইদহ। নিরাপত্তার দায়িত্ব পালন করেন মহেশপুর থানা পুলিশের একটি টিম। জনস্বার্থে এ অভিযান চলমান থাকবে।

১৬-৯-২০১৯

সুচন্দন মন্ডল

সহকারী পরিচালক

ফোন: ০৪৫১-৬১৫৫০

ইমেইল: ad-

jhenaidah@dnocrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।
- ২) উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয়, খুলনা।
- ৩) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, (এডিএম), জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।
- ৪) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) সম্পাদক/বার্তা সম্পাদক,....., ঝিনাইদহ (আপনার বহল প্রচারিত দৈনিকে প্রচারের অনুরোধ করা হলো।
- ৬) অফিস কপি।